দৈনিক ইত্তেফাক

৩।

তারিখ ... ... ... DEC 14 1999
পৃষ্ঠা ১ কলাম ৫

# রাজধানীর ২৪টি সরকারী স্কুলে ভর্তি পরীক্ষা শুরু হইবে ২৬শে ডিসেম্বর

রেজানুর রহমান ॥ স্কুলের বার্ষিক পরীক্ষা শেষ হইতে না হইতেই ভর্তি পরীক্ষার দিন ঘনাইয়া আসিয়াছে। ২৬শে ডিসেম্বর হইতে ২৮শে ডিসেম্বর পর্যন্ত ৩ দিন নগরীর ২৪টি সরকারী স্কুলে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে। (২য় পৃষ্ঠায় ১-এর কঃ দ্রঃ)

## ভর্তি পরীক্ষা

(প্রথম পৃঃ পর)

এইসব স্কুলে প্রথম শ্রেণী হইতে নবম শ্রেণী পর্যন্ত শূন্য আসনে ছাত্র-ছাত্রী ভর্তি করা হইবে। ১৮ই ডিসেম্বর হইতে ভর্তি ফরম বিতরণ শুরু হইবে। ২৩শে ডিসেম্বরের মধ্যে ভর্তি ফরম সংগ্রহ করা যাইবে।

ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে ২৪টি স্কুলকে ৩টি ভাগে বিভক্ত করা হইয়াছে। ক গ্রুপের আওতায় রহিয়াছে গভর্নমেন্ট ল্যাবরেটরী হাইস্কুল, মিরপুর সরকারী উচ্চ বিদ্যালয়, মতিঝিল সরকারী উচ্চ বিদ্যালয়, খিলগাঁও সরকারী উচ্চ বিদ্যালয়, নবাবপুর সরকারী উচ্চ বিদ্যালয়, নিউ গভঃ গার্লস হাইস্কুল, ইসলামিয়া উচ্চ বিদ্যালয় এবং মোহাম্মদপুর সরকারী উচ্চ বিদ্যালয়। এই গ্রুপের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে ২৬শে ডিসেম্বর।

খ গ্রুপের আওতায় মতিঝিল সরকারী বালক বিদ্যালয়, নারিন্দা সরকারী উচ্চ বিদ্যালয়, ঢাকা গভঃ হাইস্কুল, বাংলাবাজার সরকারী বালিকা বিদ্যালয়, শেরে বাংলানগর সরকারী বালক উচ্চ বিদ্যালয়, সরকারী বিজ্ঞান কলেজ (স্কুল শাখা), ধানমন্ডি সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, আরমানিটোলা সরকারী উচ্চ বিদ্যালয়ে ২৭শে ডিসেম্বর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে।

গ গ্রুপের আওতায় ধানমন্ডি সরকারী বালক উচ্চ বিদ্যালয়, শেরে বাংলা নগর সরকারী বালিকা বিদ্যালয়, কামরুন্নেসা সরকারী বালিকা বিদ্যালয়, কলেজিয়েট স্কুল, কামরুন্নেসা সরকারী উচ্চ বিদ্যালয়, গণভবন সরকারী উচ্চ বিদ্যালয়, তেজগাঁও সরকারী বালক বিদ্যালয়ে ২৮শে ডিসেম্বর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে।